

## সদস্য হওয়ার নিয়মাবলী ও বই ধার দেয়া সংক্রান্ত নীতিমালা

- বই ধার নেয়ার জন্য আগ্রহী পাঠকদের সদস্য হতে নির্ধারিত ফরমে লাইব্রেরিয়ান বরাবর আবেদন করতে হবে। ১০ (দশ) টাকা আবেদন ফি প্রদান সাপেক্ষে গ্রন্থাগার থেকে আবেদন ফরম সংগ্রহ করা যাবে।
- জেলা সরকারি গণগ্রন্থাগার, নওগাঁতে তিন ধরনের সদস্য আবেদন ফরম সংগ্রহ করতে পারবেন:
  - (ক) শিশু সদস্য - অনূর্ধ্ব ১৬ বছরের ছেলে বা মেয়ে।
  - (খ) ছাত্র ছাত্রী সদস্য - যেকোন শিক্ষা প্রতিষ্ঠানে অধ্যয়নরত ছাত্র ছাত্রীবৃন্দ
  - (গ) সাধারণ সদস্য - শিশু ও সাধারণ ছাত্রছাত্রী ব্যতীত সকল শ্রেণি পেশার জনগন
- বয়স প্রমাণ করার জন্য ১ম শ্রেণির গেজেটেড সরকারি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত জাতীয় পরিচয়পত্রের ফটোকপি/ শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র আবেদনপত্রের সাথে সংযুক্ত করতে হবে।
- সাধারণ সদস্যদের স্ব স্ব পৌরসভার/ ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান অথবা ১ম শ্রেণির গেজেটেড কর্মকর্তার বা চাকুরীজীবী হলে তার নিয়ন্ত্রণকারী কর্মকর্তার সুপারিশ সাপেক্ষে সদস্য করা হবে।
- ছাত্রছাত্রীদের ক্ষেত্রে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভাগীয় প্রধান কর্তৃক সুপারিশ আবশ্যিক।
- আবেদনপত্রের সাথে শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান বা বিভাগীয় প্রধান বা ১ম শ্রেণি কর্মকর্তা কর্তৃক সত্যায়িত পাসপোর্ট সাইজের ১ কপি ছবি এবং জাতীয় পরিচয়পত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।
- শিশু সদস্যদের ক্ষেত্রে ২০০/- টাকা, ছাত্রছাত্রী সদস্যদের ক্ষেত্রে ৩০০/- টাকা এবং সাধারণ সদস্যদের ক্ষেত্রে ৫০০/- টাকা জামানত (ফেরতযোগ্য) হিহেবে জমা দিতে হবে।
- নবস্বিক্ত সদস্যদের মেয়াদ ০১ (এক) বছর। আগ্রহী সদস্যদের মেয়াদ উত্তীর্ণ হবার পর ২৫ (পঁচিশ) টাকা নবায়ন ফি প্রদান সাপেক্ষে সদস্য নবায়ন করতে পারবেন।
- প্রত্যেক সদস্য কে এককালীন সর্বমোট ১৫ দিনের জন্য ২ (দুই)টি বইয়ের বেশি ধার দেয়া যাবে না। অন্যকোন সদস্যের চাহিদা না থাকলে উক্ত ২ টি বই উক্ত পাঠক ধারাবাহিকভাবে সর্বমোট ২ বার ধার নিতে পারবে।
- কোন সদস্য ধার নেয়া বই হারিয়ে ফেললে বা নষ্ট করে ফেললে উক্ত বইয়ের মূল্যের দ্বিগুণ টাকা ক্ষতিপূরণ দিতে বাধ্য থাকবে।
- নির্ধারিত সময়ের মাঝে বই ফেরত দিতে ব্যর্থ হলে প্রথম সপ্তাহে অতিরিক্ত প্রতিদিনের জন্য বই প্রতি ৫ (পাঁচ) টাকা এবং দ্বিতীয় সপ্তাহ থেকে ১০ (দশ) টাকা জরিমানা আদায় করা হবে।
- কার্ড হারিয়ে গেলে সাথে সাথে কর্তৃপক্ষকে জানাতে হবে এবং আবেদন সাপেক্ষে ২৫ টাকার বিনিময়ে পুনরায় কার্ড সংগ্রহ করা যাবে।
- রেফারেন্স বই, দুঃপ্রাপ্য ও মূল্যবান বই, বিদেশি প্রকাশনা এবং পত্র পত্রিকা কোনভাবেই ধার দেয়া যাবে না।
- কোন সদস্য বই ধার নেয়া সংক্রান্ত নীতিমালা পরিপন্থী কোন কাজ করলে তার সদস্যপদ বাতিল সহ তার জামানত বাজেয়াপ্ত করা হবে।
- যদি কোন সদস্য বর্তমান ঠিকানা, মোবাইল নম্বর ইত্যাদি পরিবর্তন করেন তবে তা কর্তৃপক্ষকে অবশ্যই তা জানাতে হবে।
- কর্তৃপক্ষ নীতিমালার যেকোন শর্ত প্রয়োজনে পরিবর্তন, পরিবর্ধন বা সংযোজন করতে পারবেন।
- বই ধার সংক্রান্ত বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।